গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১০/০৮/২০২২ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষে (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, প্রতিনিধি বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং রেলপথ মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট ‘ক’-তে উপস্থাপন করা হলো।

২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন ২০২১-২২ অর্থ বছরে রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মকৌশলে বর্ণিত সকল কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ২০২২-২৩ অর্থাৎ চলমান অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মকৌশল নির্ধারণ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি চলমান অর্থবছরের মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মকৌশল নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন করে যথাযথ প্রমানক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেন। সেবা গ্রহীতাকে নির্দিষ্ট সময়ে ও নির্ধারিত মূল্যে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

২.২ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এনআইএস রেলপথ মন্ত্রণালয় বলেন, সকলের সহযোগিতায় ইতোমধ্যে ২০২১-২২ অর্থবছরের সমস্ত কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। ২০২২-২৩ অর্থবছরেও নির্ধারিত সময়ে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সমস্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

২.৩ সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) গত অর্থবছরের নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (প্রশাসন-২) সভাকে জানান, ২০২১-২২ অর্থবছরের মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন এবং বাস্তবায়ন সংক্রান্ত ১৪৫৮ পৃষ্ঠা বিভিন্ন প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি ২০২২-২৩ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

৩. আলোচ্য বিষয় ও আলোচনা, গৃহিত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব:

| ক্র: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **অংশীজনের সভা:**<br>সভায় ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ রেলওয়ের অংশীজন সভা আয়োজন বিষয়ে আলোচনা হয়। প্রতি প্রান্তিকে ০১টি করে মোট ০৪টি অংশীজন সভা আয়োজন করতে হবে। সভায় বাংলাদেশ রেলওয়ের ০৪টি অংশীজন সভা ঢাকার বাইরে পূর্বাঞ্চলে ০২টি এবং পশ্চিমাঞ্চলে ০২টি পর্যায়ক্রমে আয়োজনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) বাংলাদেশ রেলওয়ের ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতি প্রান্তিকে ০১টি করে মোট ০৪টি অংশীজন সভা ঢাকার বাইরে পূর্বাঞ্চলে ০২টি এবং পশ্চিমাঞ্চলে ০২টি পর্যায়ক্রমে আয়োজন করতে হবে।<br>(খ) অংশীজন সভা অনুষ্ঠানের প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট এবং সভা অনুষ্ঠানের ছবি দাখিল করতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে |
| ২. | **অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট):**<br>সভায় মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২.২ এ বর্ণিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক লক্ষ্য অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক লক্ষ্য অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে<br>২। যুগ্মসচিব (প্রশাসন)<br>রেলপথ মন্ত্রণালয় |
| ৩. | **প্রকল্পের পিএসসি সভা:**<br>সভায় জানানো হয় চলতি অর্থবছরে প্রকল্পের পিএসসি সভা মোট ৩০টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ১ম কোয়ার্টারে ০৬ টি পিএসসি সভা আয়োজন করতে হবে। | প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএসসি সভা আয়োজন করতে হবে। প্রমাণক হিসেবে সভা আয়োজনের নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। | অনুবিভাগ প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন)<br>রেলপথ মন্ত্রণালয় |
| ৪. | **লোকোমোটিভে ফুয়েল ট্র্যাকার:**<br>সভায় জানানো হয় মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.৩ এ জ্বালানী তেলের অপচয় রোধকল্পে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভ মনিটরিংয়ের কার্যক্রম নেয়া হয়েছে। এক্ষেত্রে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের চলাচল মনিটরিং করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিলের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের চলাচল মনিটরিং করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে। | ১।মহাপরিচালক,<br>বাংলাদেশ রেলওয়ে<br>২।যুগ্ম সচিব (প্রশাসন)<br>রেলপথ মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৫. | **ট্রেনে অন বোর্ড প্রদত্ত যাত্রীসেবা নিশ্চিতকরণ:** সভায় বিভিন্ন ট্রেনে অনবোর্ড যাত্রীসেবা নিশ্চিত করণে আলোচনা হয়। এক্ষেত্রে রেলপথ মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর কর্মকর্তাদের মাধ্যমে আকস্মিকভাবে ট্রেন চলাচলের সময় পরিদর্শনের উপর গুরুত্বারোপ করা হয়। এরূপ পরিদর্শনে ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিনাটিকেটে যাত্রী চলাচল প্রতিরোধ কার্যক্রম, নির্ধারিত মূল্যে ক্যান্টিনের খাবার বিক্রিসহ অনবোর্ড প্রদত্ত অন্যান্য সেবার বিষয়ে প্রতিবেদন দাখিলে বিস্তারিত আলোচনা হয়। | (ক) ট্রেনে অনবোর্ড প্রদত্ত যাত্রীসেবা নিশ্চিতকরণে রেলপথ মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর কর্মকর্তাগণ কর্তৃক প্রতি কোয়ার্টারে ন্যূনতম একটি ট্রেন আকস্মিকভাবে পরিদর্শন করা হবে।<br>(খ) পরিদর্শন কালে ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিনাটিকেটে যাত্রী চলাচল প্রতিরোধ কার্যক্রম, নির্ধারিত মূল্যে ক্যান্টিনের খাবার বিক্রিসহ অন্যান্য অনবোর্ড প্রদত্ত যাত্রী সেবা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(গ) প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) যুগ্মসচিব (প্রশাসন-২)<br>(খ) উপসচিব (প্রশাসন-৬)<br>(গ) প্রথম শ্রেণীর সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়। |

৪.০। সভাপতি চলতি ২০২২-২৩ অর্থ বছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

19.06.2022

(ড. মো: হুমায়ুন কবীর)

সচিব

রেলপথ মন্ত্রণালয়